

## ইন্টারনেট

কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান প্রদানের প্রযুক্তিকে ইন্টারনেট বলা হয়। ইন্টারনেটের শব্দগত বিশ্লেষণ করলে তাকে international Network এর সংক্ষিপ্ত রূপ হিসেবে পাওয়া যায়। ১৯৯০সালে ইন্টারনেট এর ব্যাপক ব্যবহার শুরু হলেও মূলতঃ ১৯৬৯ সালে ARPANET ( Advance Research Projects Agency Network) নামে ইন্টারনেটের প্রাথমিক কার্যক্রম শুরু হয়। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর সেটি চালু করে। ১৯৯৪ সালে ইন্টারনেট শব্দটি ব্যবহৃত হয় এবং তা ব্যাপকভাবে পরিচিত হতে থাকে। আমেরিকান কম্পিউটার বিজ্ঞানী ভিন্টন গ্রে সারফকে 'ইন্টারনেটের জনক' বলা হয়। বর্তমানে ইন্টারনেট ব্যবহারে শীর্ষ তিনটি দেশ যথাক্রমে- চীন, ভারত এবং যুক্তরাষ্ট্র। ১৯৯৬ সালে বাংলাদেশে ইন্টারনেট চালু হয়।

ইন্টারনেট সংক্রান্ত কতিপয় তথ্য :

- কম্পিউটারকে ইন্টারনেটে সংযুক্ত করতে মডেম প্রয়োজন।
- মডেমে একটি **মডুলেটর** এবং একটি **ডিমডুলেটর** থাকে।
- একটি প্রতিষ্ঠান অভ্যন্তরীণ যোগাযোগের জন্য ব্যবহৃত ওয়েবসাইট যা কেবল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মীরাই ব্যবহার করতে পারবেন তাকে **ইন্ট্রানেট** বলে।
- একটি প্রতিষ্ঠান ইন্ট্রানেটকে যখন অন্য একটি প্রতিষ্ঠানের ইন্ট্রানেটের সাথে যুক্ত করা হয় তখন তাকে বলে **এক্সট্রানেট**।
- যেসব কোম্পানি ইন্টারনেট সেবা প্রদান করে তাদেরকে ISP বলে।
- সাধারণত সেবা প্রদানকারী সংস্থার নিজস্ব ASAT এবং সার্ভার থাকে।
- ইন্টারনেট সংযোগের জন্য ন্যূনতম ৮০৩০৬ প্রসেসরযুক্ত কোন কম্পিউটার, ৪ মেগাবাইট এবং অপারেটিং সিস্টেমসহ প্রয়োজনীয় সফটওয়্যার প্রয়োজন হয়।

- TCP/ IP প্রটোকলটি ইন্টারনেট সংযোগের ক্ষেত্রে সর্বাধিক ব্যবহৃত হয়।
- ARPANET এ ১৯৮৩ সালে প্রথম TCP/ IP প্রটোকল ব্যবহার শুরু হয়।
- IP Address এর পূর্ণরূপ- **Internet Protocol Address**।
- IP Address প্রতিটি কম্পিউটার এর Identity Number নির্দেশ করে।
- বর্তমানে ইন্টারনেট প্রটোকল ভার্সন ৪ বা **IPv4** চালু আছে।
- আইপি অ্যাড্রেস এর প্রথম দুটি অক্টেট নেটওয়ার্ক আইডি এবং পরের দুটি অক্টেট হোস্ট আইডি প্রকাশ করে।
- DHCP এর পূর্ণ নাম হল- **Dynamic Host Configuration Protocol**।
- একটি কম্পিউটার অন্য কম্পিউটারের সাথে নেটওয়ার্ক কানেকশনের জন্য যে আইপি অ্যাড্রেসের প্রয়োজন DHCP স্বয়ংক্রিয়ভাবেই সে আইপি অ্যাড্রেস দেয়।
- HTML এর পূর্ণরূপ- **Hyper Text Markup language**।
- http এর পূর্ণরূপ- **Hypertext Transfer Protocol**
- ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব
- **www**- এর পূর্ণরূপ ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব (world wide web)। একে সংক্ষেপে ওয়েবপেজ বা ওয়েব বলা হয়। ১৯৮৯ সালে সুইজারল্যান্ডের CERN এর বিজ্ঞানী টিম বার্নার্স লি ( Tim Berners Lee) www উদ্ভাবন করেন। কোন ওয়েবসাইটে প্রথমে ঢুকলে যে পেজটি প্রদর্শিত হয় সেটিকে **হোমপেজ** বলে। একটি ওয়েব পেজ লোড করার জন্য ওয়েব ব্রাউজিং এ **Refresh** বোতাম চাপা হয়। সার্চ ইঞ্জিনের সাহায্যে ওয়েবপেজের প্রয়োজনীয় বিষয়গুলো খুঁজে বের করা হয়। কতগুলো সার্চ ইঞ্জিন হল- Yahoo, Google, Bing, AOL, MSN, Pipilika, Ask, Altavista ইত্যাদি। বাংলাদেশে তৈরি সার্চ ইঞ্জিন পিপীলিকা (Pipilika) এবং চরকি (Chorki)।